



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ)



**লার্নার ড্রাইভিং লাইসেন্স সংক্রান্ত বিআরটিএ'র সতর্কীকরণ বিজ্ঞপ্তি**

এতদ্বারা মোটর ড্রাইভিং লাইসেন্স প্রত্যাশী আবেদনকারীকে জানানো যাচ্ছে যে, মোটর ড্রাইভিং লাইসেন্স সহজীকরণ প্রক্রিয়া হিসেবে গ্রাহককে বিআরটিএ'র সার্কেল অফিসে স্ব-শরীরে না এসে ঘরে বসে অনলাইনে বিআরটিএ সার্ভিস পোর্টাল (বিএসপি) ([bsp.brta.gov.bd](http://bsp.brta.gov.bd)) এর মাধ্যমে (QR code) কিউআর কোড সম্বলিত মোটর ড্রাইভিং লার্নার লাইসেন্স প্রাপ্তি নিশ্চিত করা হয়েছে। এ ক্ষেত্রে লাইসেন্স প্রত্যাশীকে বিআরটিএ সার্ভিস পোর্টালে তার ব্যক্তিগত অ্যাকাউন্টে লগইন করে নির্ধারিত ফর্মে তথ্য প্রদান ও সুনির্দিষ্ট কিছু প্রমাণক (যেমন: জাতীয় পরিচয় পত্র, শিক্ষাগত যোগ্যতা, নির্ধারিত ফরমে মেডিকেল সনদ এর কপি ইত্যাদি) আপলোড করতে হয়। ইদানিং লক্ষ্য করা যাচ্ছে যে, অধিকাংশ আবেদনের সাথে গ্রাহক কর্তৃক উল্লিখিত প্রমাণকগুলো যথাযথভাবে আপলোড না করে ভিন্ন কোন ডকুমেন্টের স্ক্যানড কপি বা একই ছবি সকল আপলোডের অংশে আপলোড করা হচ্ছে। সড়ক পরিবহন বিধিমালা, ২০২২ এর বিধি নং-৬(৫) অনুযায়ী এ সকল লার্নার লাইসেন্স কর্তৃপক্ষ কর্তৃক বাতিল করার সুযোগ রয়েছে। এ কারণে ড্রাইভিং লাইসেন্স প্রত্যাশী গ্রাহককে নির্ভুল তথ্য ও সঠিক স্থানে সঠিক প্রমাণক আপলোড করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

বিআরটিএ